

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ১৮০২

পর্ব-৬: যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ১. দ্বিতীয় অনুচ্ছেদ - যেসব জিনিসের যাকাত দিতে হয়

আরবী

وَعَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «لَيْسَ فِي حَبٍّ وَلَا تَمْرٍ صَدَقَةٌ حَتَّى يَبْلُغَ خَمْسَةَ أَوْسُقٍ». رَوَاهُ النَّسَائِيُّ

বাংলা

১৮০২-[৯] আবু সাঈদ আল খুদরী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ শস্য ও খেজুর পাঁচ ওয়াসাক পরিমাণ না হওয়া পর্যন্ত যাকাত ওয়াজিব হবে না। (নাসায়ী)[১]

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ৯৭৯, নাসায়ী ২৪৮৫, সুনানুল কুবরা লিল বায়হাকী ৭৪৭০, ইরওয়া ৩/৮০১।

ব্যাখ্যা

ব্যাখ্যা: পাঁচ ওয়াসাকের নিচে দানা জাতীয় ফসল বা খেজুর হলে তাতে যাকাত ফরয হয় না। এ হাদীস হতে দানা জাতীয় ফসল বলতে অনেকেই বলেন যে, জাফরান, তুলা, ফুল, খিরাই, কাঁকুড়, তরিতরকারী এরূপ জিনিসে যাকাত নেই। তবে কেউ কেউ অন্যরূপ এ হাদীস থেকে মত পোষণ করেছিল।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=56362>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন